



নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা যুব মৎস্যজীবী নিবন্ধিত সমিতি ও সমবায় অধিদপ্তরের নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিবালয় উপজেলাধীন উখুলী ইউনিয়নের অন্তর্গত শুকনাই (খাস পুকুর) বাংলা ১৪২৮ সালের ১লা বৈশাখ হতে ১৪৩০ সালের ৩০ শে চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারা গ্রহণের নিমিত্তে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত ঋমে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র ফরম আগামী ০৬-০৬-২০২১ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে এবং সহকারী কমিশনার (ভূমি), শিবালয় কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। দরপত্র সমূহ আগামী ০৬-০৬-২০২১ ইং তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসার, শিবালয় কার্যালয়ে রক্ষিত দরপত্র ব্যক্তি দাখিল করা যাবে এবং ঐদিন বেলা ৩:০০ ঘটিকায় দরদাতার সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।


তফসিল সম্পর্কে :

ক্রঃ নং	জলমহালের নাম	মৌজা	মৌজা ও তফসিল				১ম বার	২য় বার	৩য় বার	সরকারি মূল্য
			খতিয়ান (আব.এস)	দাগ (আব.এস)	শ্রেণী	পরিমাণ (একরে)				
০১	শুকনাই	শুকনাই	০১	০৬	পুকুর	১.১৫	৬/৬/২১	১৪/৬/২১	২২/৬/২১	১,১০,৫৭৫/-

নিলাম ডাকের শর্তাবলী :

১. দরপত্রের সাথে মৎস্যজীবী সংগঠন সমিতির নিবন্ধন পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
২. দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত ২০% টাকা জামানত হিসাবে শুধুমাত্র তফসিল ভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার, উপজেলা নির্বাহী অফিসার, শিবালয় এর বরাবর দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে। উল্লেখ্য যে, ব্যাংকের নাম, ড্রাফট নম্বর ও তারিখের ঘরকে কোনরূপ ঘসামাজা করা বা কাটাকাটি করলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৩. অনুমোদিত দরপত্রের অর্থ দরপত্র অনুমোদনের ১০(দশ) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল পূর্বক জামানত বাজেয়াপ্ত করত: কর্তৃপক্ষ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
৪. নির্ধারিত মূল্যের উপর সর্বোচ্চ বৈধ দরপত্র দাতাকে জলমহাল ইজারা দেয়া হবে। তবে একাধিক দরপত্রে হার সমান হলে লটারীর মাধ্যমে ইজারাদার নির্বাচন করা হবে।
৫. ইজারা গ্রহীতা জলমহালের দখল পাওয়ার পূর্বে ৩০০ (তিন শত) টাকার নন- জুডিশিয়াল ষ্ট্যাম্প নিজ কর্তৃক চুক্তি সম্পাদন করবেন। গৃহীত চুক্তি নিজে অস্বীকার করলে বা চুক্তিপত্রের শর্ত ভঙ্গ করলে দরপত্র বাতিল করা হবে এবং জলমহাল পূরণায় বন্দোবস্ত দেয়া হবে।
৬. ইজারাদার কোন ক্রমেই ইজারা প্রাপ্ত জলমহাল অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। শর্ত ভঙ্গ করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

৬. ডাকযোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখ ও সময়ের পর দরপত্র বাতিল বন্ধ হয়ে গেলে কোন দরপত্র গ্রহণ করা হবে না।
৭. দরপত্র সমূহ অবশ্যই সীলমোহর যুক্ত হতে হবে। সীলমোহর ব্যতীত কোন দরপত্র গ্রহণ করা হবে না।
৮. পৃথীত ইজারাদারের দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% হারে আয়কর এবং ১৫% হারে মূল্যসংযোজন কর ইজারা মূল্যের সাথে পরিশোধ করতে হবে।
৯. যদি ইজারার পর প্রমানিত হয়, ইজারাপ্রাপ্ত সংগঠন/ সমিতি যুব মৎস্যজীবি নিবন্ধন বা সমবায় অধিদপ্তরের নিবন্ধনকৃত নয়, তাহলে উক্ত ইজারা বাতিল বলে গণ্য হবে।
১০. দরপত্র আবেদন ফরম গ্রহণকারী আবেদন ফরম মূল্য বাবদ (অফেৎযোগ্য) ৫০০/- (পাঁচশত) টাকার ট্রেজারী চালানের মাধ্যমে (১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে) জমা প্রদান পূর্বক চালানের কপি দাখিল করে ফরম সংগ্রহ করবেন এবং চালানের কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
১১. দরপত্র আবেদন ফরমে উল্লেখিত শর্ত সমূহ পূরণ করতে হবে এবং চাহিত কাগজপত্র দাখিল করতে হবে।
১২. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
১৩. ভূমি মন্ত্রণালয়ের ২৩শে জুন ২০০৯ তারিখে প্রকাশিত প্রজ্ঞাপন (ভবিষ্যতে সংশোধনী জারি হলে তা সহ) সকল ক্ষেত্রে অনুসৃত হবে।




(বি.এম. রুহুল আমিন রিমন)
উপজেলা নির্বাহী অফিসার
শিবালয়, মানিকগঞ্জ।

স্মারক নং- উ:ভূ:অ:/শিবা/পুকুর ইজারা/২০২০ - ৫৩৩ (২৫)

তারিখ : ২৭/৫/২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৬৮ মানিকগঞ্জ-১ ও উপদেষ্টা, শিবালয় উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
- ২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মানিকগঞ্জ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবালয় ও উপদেষ্টা, শিবালয় উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :
- ৫। কর্মকর্তা, শিবালয়, মানিকগঞ্জ।
- ৬। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), শিবালয়, মানিকগঞ্জ।
- ৭। জনাব.....
- ৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..... ইউনিয়ন ভূমি অফিস, শিবালয়, মানিকগঞ্জ। বহুল প্রচারের জন্য বলা হলো।
- ৯। নোটিশ বোর্ড।
- ১০। অফিস কপি।



(এস.এম. আবু দারিদা)
সহকারী কমিশনার (ভূমি)
শিবালয়, মানিকগঞ্জ।